# বাংলা ভাষা বিচার


সম্পাদনা

ড. পিন্টু শীট



এস. এস. পাবলিকেশন

৫বি, কলেজ রো, কলকাতা - ৭০০ ০০৯

মো : ৯৩৩১২২৭৫৭৬

**BANGLA BHASHA BICHAR**
বাংলা ভাষা বিচার
*Edited by :* Dr. Pintu Shit

প্রথম প্রকাশ : রাস পূর্ণিমা
বাং - ১৪ অগ্রহায়ণ, ১৪২৭
ইং - ৩০ নভেম্বর, ২০২০

গ্রন্থস্বত্ত্ব : সংকলক ও সম্পাদক কর্তৃক সংরক্ষিত

প্রকাশক : শ্রীযুক্ত শান্তনু সরকার
এস. এস. পাবলিকেশন
৫বি, কলেজ রো, কলকাতা - ৭০০ ০১২
মোবাইল নং : ৯৩৩১২২৭৫৭৬
ই-মেল : sspublicationkolkata@gmail.com


অক্ষর বিন্যাস : অমিত কুমার মাইতি
মোবাইল নং : ৯৪৭৪৯৬৮৮৬৬

মুদ্রক : তারামা প্রিন্টার্স
টি/২এ/১, গুরুদাস দত্ত গার্ডেন লেন, কলকাতা-৬৭

প্রচ্ছদ : অচিন্ত মারিক

ISBN : 978-93-85122-74-3

মূল্য ঃ ৩০০ টাকা মাত্র



লেখক-সম্পাদক ২০১০ সালে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীন বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ থেকে ভাষাবিজ্ঞান ও ভাষাসমীক্ষা বিশেষপত্র সহ স্নাতকোত্তর (প্রথম শ্রেণি) উত্তীর্ণ হন। ২০১১ সালে Junior Research Fellowship সহ UGC-NET পরীক্ষায় উত্তীর্ণ হন। বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনে UGC Fellowship নিয়ে গবেষণা। ২০১৮ সালে Ph.D. ডিগ্রি লাভ। বর্তমানে লেখক-সম্পাদক গড়বেতা কলেজে স্টেট এডেড কলেজ টিচার ও বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগে (CCAE) অতিথি অধ্যাপক হিসেবে কর্মরত। লেখক-সম্পাদক ভাষাবিজ্ঞান চর্চা ও ভাষা সমীক্ষায় আগ্রহী। এছাড়াও বিভিন্ন পত্র-পত্রিকায় গবেষণামূলক প্রবন্ধ নিয়মিত লেখেন।

# বাংলা গদ্যভাষার আভাসপর্ব : কাব্যের চরণে ও নাট্যধর্মী রচনার সংলাপে গদ্যের ইঙ্গিত (৯/১০ম শতাব্দ—১৭৬০ খ্রিস্টাব্দ)

ড. পিন্টু শীট

কাব্যগুণে সমৃদ্ধ চর্যাপদ আসলে ধর্মচর্চা বিষয়ক গান। স্বভাবতই এর চরণে মিশ্রিত আছে গানের সুর। তবে কখনো কখনো সম্প্রসারণ বা সঙ্কোচনের ফলে মাত্রার পতন ঘটেছে। সেক্ষেত্রে সুর তাকে ঢেকে রেখেছে। কিন্তু, ছন্দের বিচারে সে ত্রুটি ত্রুটিই। ফলে এখানেই কাব্যিক চরণের অন্তরালস্থিত গদ্য-কাঠামোর ঘটে প্রকাশ। তাছাড়া প্রাচীন ও মধ্যযুগে বাংলা কাব্যচরণের মূল কাঠামো পয়ার। এই পয়ার চতুর্দশ মাত্রার চরণ রচনা করলে এখন তা হয়ে ওঠে একটি সম্পূর্ণ বাক্য। চর্যাপদের কিছু চরণে ভাষার ঋজুতা ও পদবিন্যাসে প্রকাশিত হয়েছে গদ্য-কাঠামো। চর্যাপদে এরূপ কতিপয় চরণ—

১) 'রুখের তেন্তলি কুম্ভীরে খাঅ।' (চর্যা-২)
২) 'দুহিল দুধু কি বেন্টে যামায়।' (চর্যা-৩৩)
৩) 'বলদ বিয়াএল, গবিআ বাঁঝে।' (চর্যা-৩৩)

আধুনিক বাংলায় বাক্যগুলির রূপ দাঁড়ায়—

১) 'বৃক্ষের তেঁতুল কুমীরে খায়।'
২) 'দোহা দুধ কি বাঁটে যামায়।'
৩) 'বলদ বিয়োলো, গাভী বাঁঝা।'

'চর্যাপদে' প্রাপ্ত কাব্যিক চরণের অন্তরালস্থিত একটি গদ্যবাক্য— 'রুখের তেন্তলি কুম্ভীরে খাঅ' (চর্যা-২)। 'রুখের' শব্দটির মূল উৎস 'বৃক্ষ' শব্দ— বৃক্ষ > রুক্খ > রুখ + এর = রুখের। আবার এখানে সম্বন্ধে '-র' বিভক্তি ব্যবহৃত হয়েছে। 'কুম্ভীরে' শব্দে অনুক্ত কর্তায় করণ বিভক্তির ব্যবহার লক্ষণীয়— কুম্ভীরে = কুম্ভীর + এ। আবার বাক্যে লক্ষণীয় 'রুখের তেন্তলি' পদক্রম— বিশেষ্যীয় সম্বন্ধপদ + বিশেষ্য। বাক্যের একেবারে শেষে স্থান পেয়েছে ক্রিয়া— 'খাঅ'। 'চর্যাপদে' প্রাপ্ত কাব্যিক চরণের অন্তরালস্থিত আরেকটি গদ্যবাক্য— 'দুহিল দুধু কি বেন্টে যামায়' (চর্যা-৩৩)। বাক্যটিতে 'দুহিল দুধু' পদক্রম লক্ষণীয়—কৃদন্ত